JAN. 1 3 2001

দৈনিক ইত্তেফাক

৩ — ৪

## ফাজিল কামিল শিক্ষা কার্যক্রম ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালনার সিদ্ধান্ত

**ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥**
সরকার ফাজিল ও কামিল শিক্ষা কার্যক্রম মাদ্রাসা বোর্ডের পরিবর্তে ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালনার সিদ্ধান্ত চূড়ান্ত করিয়াছে। গত ৮ই জানুয়ারী মন্ত্রী পরিষদের বৈঠকে এতদসংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্তটি অনুমোদিত হইয়াছে বলিয়া সূত্র জানায়। চলতি

(১৩শ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

### ফাজিল কামিল শিক্ষা কার্যক্রম

(৩য় পৃঃ পর)

সংসদ অধিবেশনেই সিদ্ধান্তটি উত্থাপন করিয়া আইন আকারে পাস করা হইবে বলিয়া সূত্র জানায়। এদিকে বামপন্থী ছাত্র সংগঠনগুলি ইহার প্রবল বিরোধিতা করিতেছে। ছাত্র ইউনিয়ন বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি বিপ্লব সাহা জানান, সরকার ইসলামী বিশ্ববিদ্যালয়কে বৃহৎ মাদ্রাসায় পরিণত করিতে ফাজিল-কামিল শিক্ষা অন্তর্ভুক্ত করিয়াছে। সাধারণ ছাত্র-ছাত্রীদের সাথে নিয়া এই সিদ্ধান্ত প্রতিহত করিতে আন্দোলন গড়িয়া তোলা হইবে।